১৮৭৭৩

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৩১৩৩১/৩১৪৮ /বান্দরবন-০২ তারিখ:১৪.১০.২০১৯খ্রি.

**বিষয়:- অভিযোগের বিষয়ে তদন্ত পুর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বান্দরবন জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলাধীন চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নুরুজ্জামান এর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ এনে তাকে সাময়িক বরখাস্ত করে চুড়ান্ত বরখাস্ত করার জন্য জনৈক সাবেক সভাপতি ডা. সিরাজুল হক বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের কপি পর্যালোচনায় দেখা যায় যে সুপার বিভিন্ন রকম অনিয়ম (ছাত্রীর সাথে অসদাচরণ, ইভটিজিং, মাদ্রাসার অর্থ আত্মসাৎ ইত্যাদি) কর্মকান্ডের সাথে জড়িত বিধায় গত ২০/০৩/২০১৮ ইং তারিখে বিদ্যমান ম্যানেজিং কমিটির সভায় অভিযুক্ত সুপারকে সাময়িক বরখাস্ত করা হয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক.....৯..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৩.১০.১৯

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার,
নাইক্ষ্যংছড়ি, বান্দরবন

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৩১৩৩১/ /বান্দরবন-০২ তারিখ: .১০.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বান্দরবন;
২. জেলা শিক্ষা অফিসার, বান্দরবন;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাইক্ষ্যংছড়ি, বান্দরবন;
৪. সুপার/সভাপতি, চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা নাইক্ষ্যংছড়ি, বান্দরবন;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

মাননীয়,

রেজিষ্ট্রার মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড
অরপ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

বিষয় ঃ বান্দরবান পার্বত্য জেলার চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদরাসার বারখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ কে চাকুরি হতে চূড়ান্তভাবে অপসারণ করার আবেদন শুনানী পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

জনাব

সবিনয় নিবেদন এই, বর্ণিত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে,

১) জনাবা কুলচুমা আক্তার, নবম শ্রেণি, রোল নম্বর ঃ ০৮/২০১৩ কর্তৃক অত্র মাদরাসার সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ এর বিরুদ্ধে ০২/০৫/২০১৩ তারিখের ইভটিজিং সংক্রান্ত আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়।

২) জনাবা তছলিমা আক্তার, দশম শ্রেণি, রোল নম্বর ঃ০৭/২০১৩, জনাবা রোকিয়া বেগম দশম শ্রেণি, রোল নম্বর ঃ ০৪/২০১৩, জনাবা জান্নাতুল ফেরদৌস নবম শ্রেণি, রোল নম্বর ঃ ১২/২০১৩, কর্তৃক অত্র মাদরাসার সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ এর বিরুদ্ধে ০৩/০৫/২০১৩ তারিখের ইভটিজিং করাসহ বিভিন্ন সময়ে বিভিন্ন ছাত্রীদের সাথে অসঙ্গত আচরণ করার বিষয়ে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়।

৩) জনাব মাওঃ মোঃ সোলাইমান, ইবতেদায়ী প্রধান, আহবায়ক, ভর্তি কমিটি, ইবতেদায়ী বিভাগ এবং জনাব মাওঃ মোহাম্মদ আব্দুল্লাহ, সহকারী মৌলভী, আহবায়ক, ভর্তি কমিটি, দাখিল বিভাগ গং কর্তৃক অত্র মাদরাসার সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ এর বিরুদ্ধে ১০/০৫/২০১৩ তারিখের বেআইনীভাবে ভর্তি কমিটি হতে মাদরাসার টাকা গ্রহণ পূর্বক আত্মসাৎ করার বিষয়ে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়।

৪) কক্সবাজার ও বান্দরবান জেলার জনবহুল প্রচারিত "দৈনিক কক্সবাজার" সংবাদ পত্রের ০৩/০৫/২০১৩ তারিখের প্রকাশিত ও পরিবেশিত সংবাদ এবং স্থানীয় জনসাধারণ ও অভিভাবকদের অভিযোগের প্রেক্ষিতে অত্র মাদরাসার অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ কর্তৃক বিগত ২৯.০৪.২০১৩ তারিখ মাদরাসার দশম শ্রেণিতে ৪র্থ পিরিয়ডে শিক্ষার্থীদের সম্মুখে মহানবী হযরত মুহম্মদ মোস্তফা (সঃ) সম্পর্কে কটুক্তি পূর্বক সামাজিক অবক্ষয় সৃষ্টি করার বিষয়ে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়।

৫। দীর্ঘদিন যাবৎ নিজ কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থল মাদরাসায় অনুপস্থিত থাকার বিষয়ে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়।

এমতাবস্থায় বর্ণিত মাদরাসার অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ এর বিরোদ্ধে বর্ণিত অভিযোগসমূহ অধিকতর তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণীত বিধায় মাদরাসার একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এলাকায় সামাজিক অবক্ষয় হেতু বিরাট বিপ্লব সৃষ্টি হবার সমূহ সম্ভাবনা থাকায় বর্ণিত অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ কে মাদরাসার ম্যানেজিং কমিটির ২০/০৩/২০১৮ তারিখের সভার গৃহীত সিদ্ধান্ত মূলে অবিলম্বে চাকুরি হতে সম্পূর্ণ অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ইতোপূর্বে মহোদয়ের দপ্তরে প্রযোজ্য ফি ও কাগজ পত্র সমেত আবেদন দাখিল করা হলেও অদ্যাবধি এ সংক্রান্তে কোন শুনানী অনুষ্ঠিত হয়নি।

প্রকাশ থাকে যে, ইতোমধ্যে বোর্ড কর্তৃক অনুমোদিত নতুন কমিটি অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ এর নিকট থেকে বড় অংকের উৎকোচ গ্রহণ পূর্বক বর্ণিত সকল প্রকার প্রমাণিত ধর্তব্য অপরাধকে ধামাচাপা দিয়ে অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ কে ধোয়া তুলসী পাতা দেখিয়ে আপীল এন্ড আরবিট্রেশন বোর্ড এ দায়েরকৃত মামলা প্রত্যাহার পূর্বক অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ কে চাকুরিতে পুনর্বহাল করার পাঁয়তারা করছে। এতে এলাকায় আবারও সামাজিক অবক্ষয় হেতু পুনরায় বিরাট বিপ্লব সৃষ্টি হবার সমূহ সম্ভাবনা রয়েছে। ফলশ্রুতিতে মাদরাসার একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বড় ধরণের বিপর্যয় ও দাঙ্গাসহ বিশেষকরে তাঁর পূর্ব বৈশিষ্ট্য ছাত্রীদেরকে যৌনহয়রানী করার পরিবেশ সৃষ্টির আশংকা করছে অভিভাবক মহল। একইসাথে দেশে আইনের শাসন নেই বরং আইনকে ফাঁকি দিয়ে অপরাধীরা পার পেয়ে যাওয়ার প্রবনতা পরিলক্ষিত হচ্ছে।

অতএব, বর্ণিত অভিযুক্ত সুপার জনাব মোঃ নুরুজ্জামান, ইনডেক্স নং-৩১৪৭৮৭ কে চাকুরি হতে চূড়ান্তভাবে অপসারণের বিষয়টি শুনানী পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পক্ষে মহোদয়ের সুমর্জি কামনা করি।

২০/০৭/২০১৯

(ডাঃ সিরাজুল হক)
জনস্বার্থে আবেদন, সাবেক সভাপতি
চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদরাসা
নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলা।
মোবাইল-০১৭৩৫৫০৮৮৮৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতাক্রমে নহে)।

১। মহা-পরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
২। চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।
৫। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।
৭। সভাপতি/সদস্য (সকল) ম্যানেজিং কমিটি, অত্র মাদরাসা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।